অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/9/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এই গ্রীষ্মকালে নিউ ইয়র্কের পরিবারসমূহের জন্য তাজা খাবারের অ্যাক্সেস সম্প্রসারিত করতে ফার্মার্স মার্কেটে দ্বিগুণ WIC ভাতার ঘোষণা করলেন

নারী, নবজাতক, এবং শিশুদের জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচিতে অংশগ্রহণকারী পরিবারসমূহ সম্পূরক খাদ্য বাজেটের প্রত্যেক অংশগ্রহণকারীর জন্য সর্বোচ্চ 50 মার্কিন ডলারের কুপন পেতে এবং অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেটে তা ব্যয় করে স্বাস্থ্যকর, স্থানীয় পণ্য ক্রয় করতে পারবে

WIC ফার্মার্স মার্কেট পুষ্টি কর্মসূচি ভাতা খাদ্যের অ্যাক্সেস সম্প্রসারিত করতে এবং পরিবারসমূহের পুষ্টির লক্ষ্য অর্জন করতে সাহায্য করে এবং একই সাথে নিউ ইয়র্কের কৃষকদের লাভবান করে

নিউ ইয়র্কের শিশুদের স্বাস্থ্যকর খাদ্য প্রদান করার জন্য গভর্নরের অব্যাহত প্রয়াসের অনুবর্তী; গতকাল গভর্নর হোকল ঘোষণা করেন যে নতুন গ্রীষ্মকালীন EBT কর্মসূচির মাধ্যমে 1.5 মিলিয়নের বেশি নিম্ন আয়ের শিশুর জন্য স্টেট 200 মিলিয়ন মার্কিন ডলার খাদ্য সহায়তা প্রদান করেছে

WIC ফার্মার্স মার্কেট পুষ্টি কর্মসূচি সম্পর্কে আলোচনা করার জন্য কমিশনার বল এবং কমিশনার ম্যাকডোনাল্ড বৃহস্পতিবার স্কেনেকট্যাডি ফার্মার্স মার্কেট পরিদর্শন করেছেন; ইভেন্টের ছবি দেখুন

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেছেন যে নারী, নবজাতক, এবং শিশুদের জন্য বিশেষ সম্পূরক পুষ্টি কর্মসূচিতে (Special Supplemental Nutrition Program for Women, Infants, and Children, WIC) অংশগ্রহণকারী পরিবারসমূহ অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেটে ব্যয় করার জন্য দ্বিগুণ ভাতা লাভ করতে পারবে, যা তাদের খাদ্য বাজেটের সম্পূরক হিসেবে স্বাস্থ্যকর, স্থানীয় পণ্য ক্রয়ে সাহায্য করবে। এই গ্রীষ্মকালে যোগ্য ব্যক্তিরা তাদের স্থানীয় WIC ক্লিনিকে গিয়ে সর্বোচ্চ 50 মার্কিন ডলার ফার্মার্স মার্কেট পুষ্টি কর্মসূচির (Farmers' Market Nutrition Program, FMNP) কুপন পেতে পারে। WIC FMNP কর্মসূচিটি খাদ্যের অ্যাক্সেস সম্প্রসারিত করতে এবং পরিবারসমূহের পুষ্টি লক্ষ্য অর্জন করতে সাহায্য করে এবং একই সাথে নিউ ইয়র্কের পরিবারসমূহকে লাভবান করে। জাতীয় ফার্মার্স মার্কেট সপ্তাহে (National Farmers' Market Week) এই ঘোষণা প্রদান করা হয়েছে, এটি হলো এইসব স্থানীয় ঐতিহ্যের এবং সম্প্রদায়ে তাদের অতি গুরুত্বপূর্ণ ভূমিকার একটি বার্ষিক স্বীকৃতি।

"এই সম্প্রসারিত ভাতা কর্মজীবী পরিবারকে অর্থ ফেরত দিতে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যকর, তাজা খাবার নিশ্চিত করতে আমাদের প্রতিদিনের কাজের একটি গুরুত্বপূর্ণ অংশ," **গভর্নর হোকল বলেন।** "এই বছর WIC ফার্মার্স মার্কেট পুষ্টি কর্মসূচির ভাতা দ্বিগুণ করার মাধ্যমে আমরা হাজার হাজার পরিবারকে তাদের ফার্মার্স মার্কেটে ব্যয় করা মার্কিন ডলারের পরিমাণ বৃদ্ধি করতে বাড়তি সাহায্য প্রদান করছি এবং একই সাথে আমাদের স্থানীয় কৃষকদের সমর্থন করছি যারা এমন তাজা খাবার ফলাচ্ছে ও উৎপাদন করছে যা বিশেষ করে কমবয়সী শিশুদের স্বাস্থ্যকর, পুষ্টিকর খাদ্যাভ্যাসের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets, AGM) নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (Department of Health, DOH) সাথে অংশীদারিত্বে কাজ করে WIC এর জন্য FMPN কর্মসূচি পরিচালনা করছে। কর্মসূচিটি সাধারণত WIC যোগ্য অংশগ্রহণকারীদের জন্য একটি 25 মার্কিন ডলারের কুপন বুকলেট প্রদান করে, কিন্তু এই মৌসুমে AGM এর অনুরোধ করা ও মার্কিন যুক্তরাষ্ট্রের কৃষি বিভাগের (U.S. Department of Agriculture) অনুমোদিত একটি মওকুফের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট প্রতি অংশগ্রহণকারীর জন্য সেই ভাতাকে 50 মার্কিন ডলারে বৃদ্ধি করতে পেরেছে।

WIC তে নাম লেখানো গর্ভবতী, প্রসব পরবর্তী, বা স্তন্যপান করানো নারী, নবজাতক, এবং পাঁচ বছর পর্যন্ত বয়সের শিশুরা WIC FMNP কুপনের জন্য যোগ্য হবে। এই কুপনগুলি শুধু অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেট এবং ফার্ম স্ট্যান্ড থেকে স্থানীয়, তাজা সবজি, ফল, ও রান্নার ভেষজ ক্রয়ের জন্য ব্যবহার করা যাবে। অংশগ্রহণকারী স্থানীয় WIC ক্লিনিকে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে কুপন বুকলেট উপলভ্য রয়েছে। কুপন অবশ্যই 30 নভেম্বরের মধ্যে ব্যবহার করতে হবে।

স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ বল বলেন, "মহামারী সময় থেকে স্টেটের কৃষি অর্থনীতিকে সমর্থন করার জন্য স্থানীয় খাদ্য ব্যবস্থাকে বলীয়ান করতে, খাদ্যের অ্যাক্সেস বৃদ্ধি করতে এবং আরো বেশি ভোক্তাকে কৃষকদের সাথে সংযুক্ত করে দেওয়ার প্রয়াস বিভাগ দ্বিগুণ করেছে। নতুন কর্মসূচিটি এই সকল লক্ষ্য পূরণ করে, খাদ্যের মূল্যবৃদ্ধির মোকাবেলা করতে এবং আমাদের যোগ্য পরিবারসমূহকে তাদের স্থানীয় অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেটে কেনাকাটা করার মাধ্যমে তাদের স্বাস্থ্যকর ফল ও সবজির গ্রহণকে বজায় রাখতে উৎসাহিত করে।"

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে পুষ্টিকর খাদ্যের অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতি হলো খাদ্য নিরাপত্তার মতো স্বাস্থ্যের সামাজিক নির্ণায়ককে প্রভাবিত করে এমন অসমতা শেষ করতে স্টেটের করা বহু পদক্ষেপের মধ্যে একটি। WIC কর্মসূচিতে অংশগ্রহণকারীদের খাদ্য বাজেটে সম্পূরক যোগ করা এবং তাদের পরিবারের জন্য স্বাস্থ্যকর, পুষ্টিগুণে ভরপুর আহার ও নাস্তা প্রদান করার একটি দারুণ উপায় এই কর্মসূচি।"

নিউ ইয়র্ক ফার্মার্স মার্কেট ফেডারেশনের (Farmers Market Federation of New York) নির্বাহী পরিচালক জ্যাক রিফল বলেন, "পরিবারসমূহের জন্য WIC FMNP ভাতা দ্বিগুণ করার ব্যারে গভর্নর ক্যাথি হোকলের ঘোষণাকে নিউ ইয়র্ক ফার্মার্স মার্কেট ফেডারেশন প্রশংসিত

করছে। এই উল্লেখযোগ্য বৃদ্ধি পরিবারসমূহকে শুধু আরো স্বাস্থ্যকর, স্থানীয় খাদ্যপণ্যের অ্যাক্সেস পেতে সাহায্য করবে না, বরং এছাড়াও নিউ ইয়র্কের নিবেদিত কৃষকদের সমর্থন করবে যারা তাজা, পুষ্টিকর খাদ্য প্রদান করার জন্য নিরলসভাবে কাজ করে। WIC FMNP কর্মসূচির ভাতা দ্বিগুণ করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কের পরিবার ও কৃষকদের উপর সরাসরি বিনিয়োগ করছি। জাতীয় ফার্মার্স মার্কেট সপ্তাহ চলাকালে এই ঘোষণাটি প্রদান করা পুষ্টিকর খাদ্যের জন্য সম্প্রদায়ের কেন্দ্র হিসেবে ফার্মার্স মার্কেট যেই অপরিহার্য ভূমিকা পালন করে তার প্রতি গভর্নর হোকলের স্বীকৃতিকে তুলে ধরে। এই উদ্যোগটি নিখুঁত উদাহরণ যে কীভাবে একটি ইতিবাচক, স্থানীয় প্রভাব তৈরি করার জন্য স্টেটের সরকারসমূহ আরো বলীয়ান স্থানীয় খাদ্য ব্যবস্থায় বিনিয়োগ করতে পারে। পুরো নিউ ইয়র্ক স্টেটের ভোক্তা ও কৃষক উভয়ের জন্য এটি কী লাভ নিয়ে আসে তা দেখার জন্য আমরা উৎসুক।"

কৃষি ও বাজার বিভাগ, স্বাস্থ্য বিভাগ, অফিস ফর দ্য এজিং (Office for the Aging), এবং অস্থায়ী অক্ষমতা সহায়তা অফিসের (Office of Temporary Disability Assistance) মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট নিম্ন আয়ের পরিবারকে সাহায্য করার জন্য একাধিক কর্মসূচি পরিচালনা করছে, যার মধ্যে রয়েছে অংশগ্রহণকারী মার্কেটে WIC এবং সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচিতে (Supplemental Nutrition Assistance Program, SNAP) নাম লেখানো প্রাপ্তবয়স্ক, বয়স্ক ব্যক্তি, এবং ভেটেরানদের তাজা স্বাস্থ্যকর খাদ্যের অ্যাক্সেস প্রদান করা। বিভাগের ফার্মার্স মার্কেট কর্মসূচিসমূহ সম্পর্কে আরো জানতে বা আপনার নিকটস্থ একটি মার্কেট খুঁজে নিতে agriculture.ny.gov/farmersmarkets ভিজিট করুন।

ফার্মার্স মার্কেটে এবং ফার্ম স্ট্যান্ডে তাদের বিক্রি বৃদ্ধি করে এবং স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্য ভোগের মাধ্যমে স্বাস্থ্যকর সম্প্রদায় তৈরির মাধ্যমে FMNP বিশেষ করে স্থানীয় উৎপাদনকারীদের প্রচার করে থাকে। পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহকে স্বাস্থ্যকর স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্য সরবরাহ করা, FMNP তে অংশগ্রহণ করা ফার্মার্স মার্কেট, ফার্ম স্ট্যান্ড, এবং মোবাইল মার্কেটসহ 700টির বেশি মার্কেট অবস্থানে তাজা ফল ও সবজি কিনতে ব্যবহার করার জন্য যোগ্য ভোক্তাদের কুপন প্রদান করা হয়।

আজকের ঘোষণাটি পুরো নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহে খাদ্যের অ্যাক্সেস বৃদ্ধি করতে এবং নিউ ইয়র্কের কৃষিকে সমর্থন করতে বিদ্যমান একাধিক স্টেট কর্মসূচি এবং গত দুই বছরে শুরু করা নতুন কর্মসূচির অনুবর্তী। গতকাল গভর্নর ঘোষণা করেন যে নতুন গ্রীষ্মকালীন ইলেক্ট্রনিক বেনিফিট ট্রান্সফার কর্মসূচির (Electronic Benefits Transfer, EBT) অংশ হিসেবে 1.5 মিলিয়নের বেশি নিম্ন আয়ের শিশুর জন্য স্টেট প্রায় 200 মিলিয়ন মার্কিন ডলার খাদ্য সহায়তা প্রদান করেছে। গত বছর, গভর্নর হোকল সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির প্রাপকদের জন্য পুরো নিউ ইয়র্ক স্টেটের ফার্মার্স মার্কেটে ক্রয়ক্ষমতা দ্বিগুণ করার একটি নতুন উদ্যোগ ঘোষণা করেন। ফ্রেশকানেক্ট ফ্রেশ2ইউ (FreshConnect Fresh2You) উদ্যোগটি এখন যোগ্য নিউ ইয়র্কবাসীকে অংশগ্রহণকারী ফার্মার্স মার্কেটে প্রতিদিন সর্বোচ্চ 50 মার্কিন ডলারের জন্য প্রতি মার্কিন ডলারের জন্য এক মার্কিন ডলার করে ম্যাচ করে, যার ফলে অভাবী পরিবারসমূহ তাজা পণ্য, দুগ্ধজাত পণ্য, ডিম ও মাংসসহ আরো স্বাস্থ্যকর খাদ্য করি করতে পারে।

এছাড়াও 2024-25 নিউ ইয়র্ক স্টেট বাজেটের মাধ্যমে নিউ ইয়র্ক একাধিক যুগান্তকারী স্টেট কর্মসূচিকে সমর্থন করা অব্যাহত রেখেছে যার উদ্দেশ্য স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্যের অ্যাক্সেস

উন্নত করা, যার মধ্যে রয়েছে নারিশ নিউ ইয়র্ক (Nourish New York) কর্মসূচি, স্কুলের 30 শতাংশ NYS উদ্যোগ, এবং খামার থেকে স্কুল (Farm-to School) কর্মসূচি। পাশাপাশি, এই বছরের বাজেটে আঞ্চলিক স্কুল খাদ্য অবকাঠামো তহবিলের (Regional School Food Infrastructure Fund) অংশ হিসেবে দ্বিতীয় রাউন্ডের তহবিল রয়েছে, যা আঞ্চলিক রান্নার ফ্যাসিলিটিকে সমর্থন করার জন্য পাঁচ বছরে 50 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে যা K-12 স্কুলের শিশুদের জন্য আহার প্রস্তুত করার সময় নিউ ইয়র্ক স্টেটের খামারের তাজা পণ্যের ব্যবহার সম্ভব করবে।

নিউ ইয়র্কের কৃষি পণ্যের চাহিদা বৃদ্ধি, নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ চেইন বলীয়ান করা, এবং সকল নিউ ইয়র্কবাসী যাতে তাজা, স্থানীয় খাবার উৎপন্ন করতে এবং এর অ্যাক্সেস পেতে পারে তা নিশ্চিত করার জন্য গভর্নরের প্রতিশ্রুতির অনুবর্তী এইসব বিনিয়োগ। এর মধ্যে রয়েছে গভর্নরের নির্বাহী আদেশ 32 যা স্টেটের এজেন্সিগুলিকে পাঁচ বছরের মধ্যে তাদের মোট খাদ্য ক্রয়ের মধ্যে নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদনকারীর উৎস থেকে ক্রয় করা খাদ্য বৃদ্ধি করে 30 শতাংশে আনতে এবং স্কুলের জন্য স্থানীয় খাদ্য ও খাদ্য পণ্য ক্রয়ের ঐচ্ছিক সীমাকে উল্লেখযোগ্যভাবে 20,000 মার্কিন ডলার থেকে বৃদ্ধি করে 150,000 মার্কিন ডলার করার নির্দেশ প্রদান করে। এছাড়াও এতে রয়েছে ফার্মার্স মার্কেট স্থিতিস্থাপকতা অনুদান (Farmers' Market Resiliency Grant) কর্মসূচি, শহুরে খামার ও সম্প্রদায়ের বাগান (Urban Farms and Community Gardens) কর্মসূচি, এবং খামারের বাজার, সুপারমার্কেট, খাদ্যের সমবায়, এবং অন্যান্য অনুরূপ খুচরা খাদ্যের দোকান স্থাপন, এবং সেই সাথে স্টেটের সুবিধাবঞ্চিত সম্প্রদায় এবং অঞ্চলের অবকাঠামো সমর্থন করার জন্য একটি 10 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান কর্মসূচি।

কৃষকদের নতুন বাজার প্রদান, সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের খাদ্যের অ্যাক্সেস বৃদ্ধি, এবং আরো স্বাস্থ্যকর সম্প্রদায় গঠন করার উদ্দেশ্যে বিভাগের কর্মসূচি এবং উদ্যোগসমূহ সম্পর্কে জানুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন